যায়যায়দিন

তারিখ ... 5 MAY ২০০৯ ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮ ...




ডাকসু নির্বাচন ও অন্যান্য দাবিতে ছাত্রলীগ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে -যাযাদি

# ঢাবিতে চার দফা দাবিতে ছাত্রলীগের বিক্ষোভ

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

ছাত্র সংসদ নির্বাচনসহ চার দফা দাবি জানিয়েছে ছাত্রলীগ। এ দাবিতে সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে বিক্ষোভ ও সমাবেশ করেছে তারা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, রোববার রাতে হঠাৎ করেই ছাত্রলীগ ঢাবি শাখার নেতারা ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ, ক্যান্টিনে খাবারের মান উন্নত, বাস সংখ্যা বাড়ানো এবং আবাসিক সঙ্কট মেটাতে হল নির্মাণের দাবিতে বিক্ষোভ করে। তাদের সঙ্গে সংহতি জানায় কেন্দ্রীয় ছাত্রলীগ।

ঢাবি ছাত্রলীগের এ বিক্ষোভ কর্মসূচি সফল করতে সকাল ১১টা থেকে মধুর ক্যান্টিনের সামনে বিশ্ববিদ্যালয় ও হল পর্যায়ের নেতাকর্মীরা জমায়েত হতে থাকে। এ সময় তারা দাবিগুলোর সমর্থনে নানা স্লোগান দিতে থাকে। কেন্দ্রীয় সভাপতি মাহমুদ হাসান রিপন ও সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রোটনের নেতৃত্বে কেন্দ্রীয় নেতারা দুপুর ১২টার দিকে সেখানে পৌঁছান। মধুর ক্যান্টিনে এক সংক্ষিপ্ত মতবিনিময় শেষে বিক্ষোভ মিছিল শুরু করে। মিছিলটি ক্যাম্পাসের নানা সড়ক প্রদক্ষিণ করে ঐতিহাসিক বটতলায় এসে বিক্ষোভ সমাবেশে পরিণত হয়। ঢাবি ছাত্রলীগের সভাপতি শেখ সোহেল রানা টিপুর সভাপতিত্বে সমাবেশ পরিচালনা করেন সাধারণ সম্পাদক সাজ্জাদ সাকিব বাদশা। সমাবেশে অবিলম্বে ডাকসু ও হল সংসদগুলোর নির্বাচন, ক্যান্টিনে খাবারের মান বৃদ্ধি, পর্যাপ্ত পরিবহন সুবিধা প্রদান, আবাসন সঙ্কট নিরসনে প্রয়োজনীয় হল নির্মাণসহ সব শিক্ষা উপকরণের দাম কমানোর দাবি জানিয়ে বক্তব্য রাখেন ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি মাহমুদ হাসান রিপন, সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রোটন, কেন্দ্রীয় যুগ্ম সম্পাদক রিপন পোদ্দার, ইকবাল মাহমুদ বাবলু, ঢাবি শাখা ছাত্রলীগের সহসভাপতি জসিম উদ্দীন, সাংগঠনিক সম্পাদক জয়দেব নন্দি, সহসম্পাদক মেজবাহ উদ্দীন, সহপাঠাগার সম্পাদক কাদির মোল্লা শিপু প্রমুখ। ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি মাহমুদ হাসান রিপন বলেন, তারা ডাকসু নির্বাচনের জন্য অনেকবার কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়েছে। কিন্তু কর্তৃপক্ষ নির্বাচনের জন্য প্রয়োজনীয় কোনো ব্যবস্থা গ্রহণ করেনি। বিভিন্নভাবে তারা এ বিষয়টিকে এড়িয়ে গেছে।

ডাকসু নির্বাচন না থাকার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয় ও এর শিক্ষার্থীরা তাদের পুরনো ঐতিহ্য থেকে পিছিয়ে পড়েছে। তিনি হলগুলোর মেস এবং ক্যান্টিনে খাবারের মান বৃদ্ধির জন্য তদন্ত কমিটি গঠনের দাবি জানান।